

📖 ব্যাংকের সুদ কি হালাল

বিভাগ/অধ্যায়ঃ সূচি ও বিবরণ

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুস্তাক আহমাদ কারীমী

ব্যাংকের বিভিন্ন কার্যাবলী

পুঁজি জমা রাখার পর ব্যাংক কয়েক প্রকার ভূমিকা পালন করে; যেমন অর্থসংস্থান ও বিনিয়োগ করা, অর্থ-বৃদ্ধি করা, আমদানী ও রপ্তানীতে মধ্যস্থতা করা প্রভৃতি। এখন আমরা উক্ত ভূমিকাগুলো নিয়ে বিস্তারিত আলোচনা করবঃ-

১- অর্থ সংস্থান (FINANCING) t- ব্যাংকের সব চাইতে বড় গুরুত্বপূর্ণ কাজ হল জনসাধারণের প্রয়োজনে--- বিশেষ করে বাণিজ্যিক প্রয়োজনে--- ঋণ সরবরাহ করা। ব্যাংক কখনো দীর্ঘ-মেয়াদী ঋণ জারী করে; যাকে ইংরাজীতে LONG TERM CREDIT বলে। আবার কখনো স্বল্প-মেয়াদী ঋণ জারী করে থাকে; সাধারণতঃ তিন অথবা ছয় মাস পর্যন্ত সময়ের জন্য দেওয়া হয়, যাকে ইংরাজীতে SHORT TERM CREDIT বলে।

🔗 Source — <https://www.hadithbd.com/books/link/?id=4539>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন